জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠক



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে মন্ত্রিসভার একটি বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৮ জুন) সন্ধ্যায় জাতীয় সংসদ ভবনের মন্ত্রিপরিষদ সভাকক্ষে বৈঠকটি শুরু হয়।

সরকারি সূত্রে জানা গেছে, বৈঠকে দেশের চলমান রাজনৈতিক ও অর্থনৈতিক পরিস্থিতি, আইন-শৃঙ্খলা বিষয়ক বিভিন্ন দিক এবং গুরুত্বপূর্ণ প্রশাসনিক ও নীতিগত বিষয় নিয়ে আলোচনা হয়।

সভায় মন্ত্রিসভার সদস্যদের পাশাপাশি সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উপদেষ্টা, মন্ত্রিপরিষদ সচিব এবং ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বৈঠকে বিভিন্ন জনস্বার্থসংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত ও দিকনির্দেশনা নিয়ে আলোচনা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

LENS ASIA